

মৌলভীবাজার জেলার বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম মনিটরিং বিষয়ক জেলা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. উর্মি বিনতে সালাম

জেলা প্রশাসক, মৌলভীবাজার।

তারিখ : ১০/০৩/২০২৪ খ্রিঃ

সময় : দুপুর ০১.১৫ ঘটিকা

স্থান : জেলা প্রশাসকের সশ্বেলন কক্ষ।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। মৌলভীবাজার জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করে অধিদপ্তরের চেকলিস্ট অনুযায়ী সেবার মান এবং সক্ষমতা বৃদ্ধির জন্য পরামর্শ প্রদানের বিষয়টি কমিটির কার্যপরিধিতে উল্লেখ রয়েছে। অত্র জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ০২ (দুই) টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়।


০১. মৌলভীবাজার জেলায় লাইসেন্সপ্রাপ্ত ০২ টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম সংক্রান্ত তথ্যঃ

ক্র নং	নিরাময় কেন্দ্রের নাম ও ঠিকানা	বেড সংখ্যা	বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা	বিবেচ্য মাসে কেন্দ্রে ভর্তিকৃত রোগীর সংখ্যা	বিবেচ্য মাসে কেন্দ্রে ছাড়কৃত রোগীর সংখ্যা	বর্তমানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা	ফেব্রুয়ারি/২৪ মাসে কাউন্সিলিং সেবা প্রদান সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	আদর মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র শমসেরনগর রোড, মাইজপাড়া মৌলভীবাজার।	১০	১৫	১৩	১৫	১৩	০৭
০২	হেভেন মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র, খালেদা ইয়াসমিন ভিলা, পাগুলিয়া, মৌলভীবাজার।	১০	১৬	০৭	১৫	০৮	০৬

২. আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মৌলভীবাজার জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ০২ টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র রয়েছে। ১. আদর মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র, শমসেরনগর রোড, মাইজপাড়া মৌলভীবাজার ২. হেভেন মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র, খালেদা ইয়াসমিন ভিলা, পাগুলিয়া, মৌলভীবাজার নামীয় জায়গায় কেন্দ্রগুলো তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিটি কেন্দ্রের বেড সংখ্যা ১০ টি। সভাপতি অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করার জন্য সিভিল সার্জন, মৌলভীবাজার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। পাশাপাশি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং সংক্রান্ত জেলা কমিটির সদস্যদেরকে “বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১” অনুসরণ করে নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শনপূর্বক নিরাময় কেন্দ্রের সেবার মান এবং সক্ষমতা বৃদ্ধির পরামর্শ প্রদানের উপর গুরুত্বারোপ করেন।	১. বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন করতে হবে। ২. নিরাময় কেন্দ্রের প্রকৃত সমস্যা চিহ্নিত করে সেবার মান এবং সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।	১. বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম মনিটরিং বিষয়ক জেলা কমিটির সদস্য (সকল)। ২. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় এ পর্যায়ে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
ড. উর্মি বিনতে সালাম  
জেলা প্রশাসক

ও

সভাপতি

বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম  
মনিটরিং বিষয়ক জেলা কমিটি, মৌলভীবাজার।

স্মারক নং- ৫৮.০২.৫৮০০.০০০.১৬.১০৯.২৩-২২৭


তারিখঃ ২৬ ফাল্গুন ১৪৩০  
২০ মার্চ ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।

অনুলিপি সদয় অবগতি কার্যার্থেঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।
২. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৩. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৪. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), মৌলভীবাজার।
৬. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
৭. উপ পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার।
৮. উপ পরিচালক, জেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার।
৯. উপ পরিচালক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।
১০. জনাব নিখিল তালুকদার, পরিচালক, আদর মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র, শমসেরনগর রোড মাইজপাড়া, মৌলভীবাজার।
১১. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার।

  
মিজানুর রহমান শরীফ  
উপপরিচালক  
ও

সদস্য সচিব

বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম  
মনিটরিং বিষয়ক জেলা কমিটি, মৌলভীবাজার।